

নম্বর: ১৫.৫৫.০০০০.৩০১.১২.০১৪.১৭. ৩৯৮৩

০৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য মন্ত্রণালয়ধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নিম্নবর্ণিত রাজস্ব খাতের শূন্য পদসমূহ পূরণ করার লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্র অনুযায়ী চাকরির নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতনস্কেল (২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত ও নিয়োগ যোগ্যতা	যে সব জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না
১	২	৩	৪	৫
১.	স্টাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ৳ ১১০০০-২৬৫৯০/-	০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ. এস সি/ সমমান পাস। (খ) স্টাটলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি ন্যূনতম যথাক্রমে ৮০ শব্দ ও ৫০ শব্দ। (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ।	(ক) গাজীপুর, মানিকগঞ্জ, রাজবাড়ি, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, চাঁদপুর, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল ও ঝালকাঠি। (খ) তবে সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন।
২.	ট্রান্সপোর্ট সুপারভাইজার ৳ ১১০০০-২৬৫৯০/-	০১(এক)টি	স্নাতক ডিগ্রী; অথবা উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোবাইলে ন্যূনতম ১(এক) বৎসর ডিপ্লোমা/ট্রেড কোর্স এর সার্টিফিকেটধারী হতে হবে।	
১.	টেলিফোন অপারেটর ৳ ৯৩০০-২২৪৯০/-	০১(এক)টি	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

শর্তাবলী :

- নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর আগামি ১৫ জুন, ২০১৭ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোনো আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:
 - সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) ১-৩৩৩৬-০০০০-২৬৮১ কোডে ট্রেজারী চালান মাধ্যমে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা বরাবর জমা দিতে হবে। ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫' x ৪.৫' পরিমাপের খাম দিতে হবে।
- ১৫ জুন, ২০১৭ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- সরকারের প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফুইড ব্যবহার করা যাবে না।
- মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং (প্রযোজ্যক্ষেত্রে) সকল সনদের ০১(এক) সেট ফটোকপি জমা দিতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ১৫ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এ ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.nimc.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) নির্ধারিত আবেদন ফরমটি পাওয়া যাবে।

(মো. মুনজুরুল আলম)
উপ-পরিচালক (প্রশাসন)

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি